

“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর, মেহেরপুর।

স্মারক নং-৩২.০১.৫৭০০.০০০.১৮.০৭২.২৪.৮৯

তারিখ: ০৪/০৩/২০২৪ খ্রি:।

প্রশিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

উপপরিচালকের, কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, মেহেরপুর এর মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে, “জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ” কর্মসূচীর আওতায় ২০২৩-২৪ অর্থ বছরের এপ্রিল/২০২৪ খ্রিঃ হতে জুন/২০২৪ খ্রিঃ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদে নিম্নে বর্ণিত ট্রেডে প্রশিক্ষার্থী ভর্তি করা হবে।

ট্রেডের নাম সমূহঃ


০১। ড্রেস মেকিং এন্ড টেইলরিং	- ২০ জন।
০২। কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন	- ২০ জন।
০৩। সার্টিফিকেট ইন বিউটিফিকেশন	- ২০ জন।
০৪। ফুড প্রসেসিং এন্ড প্রিজারভেশন	- ২০ জন।
০৫। সূচি শিল্প:হ্যান্ড এন্ড ডারী এন্ড কারচুপি ওয়ার্কস	- ২০ জন।

ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের নিম্নলিখিত শর্তাবলী পূরণ স্বাপেক্ষে আবেদন করতে হবে। আবেদন পত্র আগামী ০৫/৩/২০২৪ইং তারিখ হতে প্রদান করা হবে।

- যিনি অগ্রাধিকার পাবে:- ১) মহিলা পরিবার প্রধান (বিধবা, তালাকপ্রাপ্তা, স্বামী পরিত্যক্তা, স্বামীর কাছ থেকে বিচ্ছিন্ন অথবা কর্মক্ষমহীন স্বামীর স্ত্রী)
২) প্রশিক্ষণ গ্রহণে দৈহিক ও মানসিক ভাবে সক্ষম।
৩) আয়বর্ধক কাজে অংশগ্রহণ করতে ইচ্ছুক।

শর্তাবলী :

- ০১। প্রার্থীকে উপপরিচালক এর কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, মেহেরপুর এর নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে।
- ০২। আবেদন ফরম উপপরিচালক এর কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, মেহেরপুর হতে সংগ্রহ করতে হবে অথবা www.meherpur.gov.bd.com ওয়েব সাইট থেকে Download করা যাবে।
- ০৩। প্রার্থীকে বাংলাদেশের বসবাসরত নাগরিক হতে হবে।
- ০৪। যারা একবার এক ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তারা একই ট্রেডে পুনরায় আবেদন করতে পারবেন না।
- ০৫। প্রার্থীর বয়স ১৬ হইতে ৩৫ বছর পর্যন্ত হতে হবে।
- ০৬। স্কুলে অধ্যয়নরত ছাত্রী কোন অবস্থাতেই আবেদন করিতে পারবে না।
- ০৭। প্রার্থীকে সকল ট্রেডে ভর্তির জন্য ন্যূনতম ৮ম শ্রেণী এবং শুধু মাত্র কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন ট্রেডের জন্য এইচ এস সি পাশ হতে হবে।
- ০৮। আবেদন পত্রের সাথে জাতীয় পরিচয়পত্র (এন.আই.ডি) সংযুক্ত করতে হবে।
- ০৯। আবেদনপত্রের সাথে পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি সংযুক্ত করতে হবে।
- ১০। আবেদনপত্র জমা দেওয়ার সর্বশেষ তারিখ ১৮/০৩/২০২৪ খ্রিঃ।
- ১১। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে আবেদন পত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১২। অফিস চলাকালীন সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ২:০০টা পর্যন্ত ফরম বিতরণ করা হবে।


(নীলা হাফিয়া) ০৪/০৩/২৪

উপপরিচালক (অ: দা:)
মহিলা বিষয়ক অধিদপ্তর,
মেহেরপুর।

সদয় জ্ঞাতার্থেঃ

- ১। পুলিশ সুপার, মেহেরপুর।
- ২। সিভিল সার্জন, মেহেরপুর।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মেহেরপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর।
- ৫। জাতীয় মহিলা সংস্থা, মেহেরপুর।
- ৬। অফিস নোটিশ বোর্ড।